# Semester – II

(Hons.)

## CC-4 : Philosophical Foundation of Education

(শিক্ষার দার্শনিক ভিত্তি)

## Unit – 1 : Concept of Educational Philosophy

(শিক্ষাদর্শনের ধারণা)

## Sub Unit – 3 : Relation between Philosophy and Education.

(দর্শন ও শিক্ষার মধ্যে সম্পর্ক)

Patit Paul
Dept. of Education

Scanned with CamScanner

## Relation between Philosophy and Education

(দর্শন ও শিক্ষার মধ্যে সম্পর্ক)

শিক্ষা ও দর্শন উভয়ে জীবন ও অভিজ্ঞতা নিয়ে আলোচনা করে। কাজেই শিক্ষা ও দর্শন পরস্পর সম্পর্কযুক্ত। শিক্ষা জীবনব্যাপী বিকাশের এক প্রক্রিয়া অথবা শিক্ষা একটি কার্যক্রম। সচেতন স্তরে আমরা অভিজ্ঞতা অর্জন করি। আর এই অভিজ্ঞতাই আমাদের সর্বশ্রেষ্ঠ শিক্ষক। অভিজ্ঞতার শিক্ষাগত তাৎপর্য দুটি — (i) ক্রিয়া বা Action এবং (ii) ভাবনাচিন্তা বা Reflection।

অভিজ্ঞতা যদি শিক্ষামূলক হয় তবে শিক্ষাক্রমকে অবশ্যই দার্শনিক চিন্তাভাবনার অনুসারী হতে হবে। (If experience is to be educative, action must be supplemented by reflection)। শিক্ষাক্ষেত্রে দার্শনিক মতাদর্শের প্রভাব সর্বদাই প্রতিফলিত হয়। শিক্ষা একটি জীবন ব্যাপী প্রক্রিয়া (Education is a life-long Process)। এই জীবন প্রতিমুহূর্তে নিত্য নতুন অভিজ্ঞতা বহন করে আনছে। আর সেই বিচিত্র অভিজ্ঞতা শিক্ষার বিকাশে সহায়ক হয়ে উঠছে। বাঁচা ও শেখা একই সঙ্গে চলতে থাকে। তাই জীবন ও শিক্ষা পরস্পরের পরিপূরক। শিক্ষার সঙ্গে জীবন সম্পৃক্ত বলে যে দর্শন, সমাজ, সংস্কৃতি কাউকেই উপেক্ষা করতে পারে না।

<u>শিক্ষা, দর্শন ও জীবন</u>: জীবন, শিক্ষা ও দর্শন পরস্পরের সঙ্গে নিবিড় সংযোগে আবদ্ধ। দর্শন জীবনের প্রকৃত তাৎপর্য উপলব্ধিতে সহায়তা করে। আর মানব সমাজের উদ্ভব হয়েছে ব্যক্তিজীবনের সম্প্রসারণ ঘটানোর জন্য। তাই একথা বলা যায় যে, শিক্ষা ও দর্শন ব্যক্তিজীবনের মাধ্যমেই পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত হয়েছে। দর্শন শিক্ষার সামগ্রিক উপলব্ধিকে সম্ভব করে তোলে। দর্শনের মাধ্যমে আসে জীবনের প্রতীতি। আসে আত্মসচেতনতা ও সত্যসন্ধানী দৃষ্টিভঙ্গি। মানবমন

Scanned with CamScanner

উদ্ভাসিত হয়। জীবন আলোকিত হয়ে ওঠে দর্শনের আলোকে শিক্ষায়। একদিকে দর্শন যেমন জীবনের লক্ষ্য সম্পর্কে সংকেত দেয় অপরদিকে শিক্ষার লক্ষ্য নির্ণয়ে তা নির্দেশকের কাজ করে। স্বভাবতই শিক্ষাক্ষেত্রে দর্শনের প্রভাব অপরিসীম। বস্তুত জীবনদর্শনকে ভিত্তি করেই গড়ে উঠেছে শিক্ষাদর্শন। শিক্ষা ও দর্শন তাই অচ্ছেদ্য বন্ধনে জড়িত। সক্রেটিসের মতে — যাঁরা সত্যের উপাসক নন তাঁরা দার্শনিক হতে পারেন না। সত্যের উপলব্ধির জন্য দর্শন ও শিক্ষার ভূমিকা একই রূপে গুরুত্বের অধিকারী।

**জীবনের গতি নির্মাণে দর্শন:** প্রয়োগবাদী দর্শন অনুসারে মানব জীবনের সমস্যাগুলি সমাধানের দক্ষতা ও ক্ষমতা অর্জন করাই হল শিক্ষার লক্ষ্য। ভারতীয় দর্শনে আত্মোপলব্ধিই (self realization) হল শিক্ষার লক্ষ্য। আবার কেন্ট বলেন, মন ও চরিত্র গঠনই শিক্ষা। শিক্ষার সকল স্তরেই দর্শনশাস্ত্রের প্রভাব পরিলক্ষিত হয়। জন অ্যাডামসের মতে — শিক্ষা হল দর্শনের গতিময় দিক, জীবন কেমন হওয়া উচিত তার ব্যাখ্যা দেন দার্শনিকেরা, আর সেই অনুসারে জীবন গড়ে তোলার চেষ্টা করা হয় শিক্ষার মাধ্যমে।

**শিক্ষার তাত্ত্বিক দিক দর্শন:** শিক্ষাকে আধুনিক অর্থে বিজ্ঞান রূপে বিবেচনা করা হলেও দর্শন তাকে অর্থপূর্ণ করে তোলে। তাই বিশিষ্ট দার্শনিক ফিকটে বলেন, শিক্ষা-শিল্প দর্শন ছাড়া কখনই সম্পূর্ণতা পেতে পারে না (The art of Education will never attain complete clearness without Philosophy)। মৌলিক তত্ত্বাবলি ও মূল্যবোধ নির্ণয় করাই দর্শনের কাজ। জীবনযাপনের পদ্ধতি হল শিক্ষা, আর সেই জীবনের গতিপথ নির্দেশের কাজটি করে দর্শন। তাই শিক্ষা ও দর্শন — একটি অপরটি ছাড়া অর্থহীন।

Scanned with CamScanner

**শিক্ষামনোবিজ্ঞানী রসের মতবাদ:** দর্শন ও শিক্ষা একই মুদ্রার দুটি দিক। প্রথমটি হচ্ছে ধ্যানের দিক, অপরটি হচ্ছে কর্মের দিক। Ross বলেন, Philosophy and Education are two sides of a coin; the former is contemplative while the latter is the active side.

**ডিউইর মতবাদ:** ডিউইর মতে শিক্ষাকে দর্শন থেকে পৃথক করা অসম্ভব নয়। কেননা দর্শন জীবনের রহস্য উদ্ঘাটন করে এবং শিক্ষা জীবনের সার্বিক উন্নতি সাধন করে। কাজেই দর্শন ছাড়া কোনো শিক্ষা কার্যক্রমই ফলপ্রসূ হতে পারে না। তিনি আরও বলেন 'দর্শন শিক্ষারই তাত্ত্বিক দিক'। শিক্ষালয় যেন পরীক্ষাগার, যেখানে দার্শনিক সত্যগুলি পরীক্ষা করা হয়ে থাকে। Philosophy may be defined as the general theory of education ---- Education is the laboratory of Philosophy, where the validity of philosophical truth is tested. কৃষি উদ্যান বা চিকিৎসার তাত্ত্বিক দিক ও ব্যবহারিক দিকের মধ্যে যে সম্পর্ক, দর্শন ও শিক্ষার মধ্যে সেই সম্পর্ক বিদ্যমান।

**সমাজ-আদর্শ ও শিক্ষা:** শিক্ষা হল সমাজ নির্ধারিত আদর্শ (ideals) নির্ণয়ের পরম শক্তিশালী মাধ্যম। শিক্ষার লক্ষ্য হল ব্যক্তির অনন্ত সম্ভাবনা ও শক্তির পরিপূর্ণ বিকাশ। শিক্ষা যদি জনসাধারণের আশা-আকাঙ্খার প্রকাশ হয়, তবে দর্শন নিশ্চয়ই তার মূল ভিত্তি। স্যার পার্সি নান বলেন - "Every scheme of Education being at bottom a Practical philosophy touches life at every point."

**জন অ্যাডামসের মতবাদ:** শিক্ষা হল দর্শনের ফলিত ও গতিশীল দিক (Education is a dynamic aspect of

philosophy.)। শিক্ষা ও দর্শনের মধ্যে বিশেষ পার্থক্য নেই। তারা একই বিষয়ের দুটি দিক মাত্র। একটি হল আদর্শগত দিক আর অন্যটি হল সেই আদর্শের ক্রিয়াশীল দিক। মনোবিদ রস (Ross) বলেন — "Education is active aspect of Philosophical belief, the practical means of realising ideals of life".

শিক্ষা - সৌধের ভিত্তি দর্শন: দর্শন ও শিক্ষা এত নিবিড়ভাবে যুক্ত যে, আমরা নির্দ্বিধায় বলতে পারি, দর্শন হল কাঠামো যার উপর শিক্ষা সৌধ গড়ে উঠেছে (Philosophy is the structure or foundation and education is the super structure.)। দর্শন ছাড়া শিক্ষা অন্ধ প্রয়াস, আর শিক্ষা ছাড়া দর্শন অর্থহীন। আসলে একটি ছাড়া অপরটি অর্থহীন এবং অব্যবহার্য।

প্রাচীন দার্শনিক প্লেটো থেকে আধুনিক কাল পর্যন্ত প্রত্যেক দার্শনিকই শিক্ষাতত্ত্ব সম্পর্কে তাঁদের নিজেদের অভিমত প্রকাশ করেন। শিক্ষার আদর্শ, পদ্ধতি এবং বিভিন্ন স্তরের তত্ত্বের উপর তাঁদের দার্শনিক চিন্তার প্রভাব পড়েছে। যেমন — রবীন্দ্রনাথের শিক্ষা চিন্তার প্রকাশ দেখা যায় শান্তিনিকেতনে তাঁর বিশ্বভারতীর মধ্যে। ডিউইর দর্শনের প্রকাশ দেখা যায় তাঁর Laboratory school বা সমস্যা সমাধান পদ্ধতির মধ্যে।

সবশেষে সুনিশ্চিতভাবে বলা যায় - দর্শন শিক্ষার সব অংশকে প্রভাবিত করে। শুধু শিক্ষার লক্ষ্য নির্ধারণ করার ক্ষেত্রেই নয়, পাঠক্রম রচনার নীতি প্রণয়নের ক্ষেত্রেও দর্শনশাস্ত্র সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দর্শনই নিরূপণ করে শিক্ষকের কর্তব্য, শিক্ষাদানের পদ্ধতি। এমনকি মূল্যায়নের ক্ষেত্রেও দর্শনের পরোক্ষ ভূমিকা স্বীকৃত।

— o —

Scanned with CamScanner